

“ পরীক্ষা অগ্রাধিকার ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জগন্নাথপুর, সুনামগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.০৭.০১০.২১- ১৩৩


তারিখ ১২.০২.২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

যেহেতু আমার নিকট প্রতীয়মান হচ্ছে যে, আসন্ন এসএসসি, এস এস সি (ভোকেশনাল) ও দাখিল পরীক্ষার সময়-২০২৪ চলাকালীন অপ্রত্যাশিত ব্যক্তি বা ব্যক্তিবর্গের দ্বারা শান্তি ভঙ্গের আশংকা বিদ্যমান এবং আমার আরো বিশ্বাস করার কারণ রয়েছে যে, অন্য কোন ভাবে এ শান্তি ভঙ্গের কারণ রোধ করা যাবে না এক্ষেপে সেহেতু আমি আল বশিরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জগন্নাথপুর, সুনামগঞ্জ এ উপজেলার (১) স্বরূপচন্দ্র সরকারি উচ্চ বিদ্যালয় (২) রানীগঞ্জ উচ্চ বিদ্যালয় (৩) শাহারপাড়া শাহকামাল উচ্চ বিদ্যালয় (৪) মিরপুর পাবলিক হাই স্কুল (৫) আটপাড়া উচ্চ বিদ্যালয় (৬) জগন্নাথপুর-০১ (ইকডুহই জামেয়া ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা) (৭) জগন্নাথপুর-০২ (সৈয়দপুর সৈয়দিয়া শামছিয়া ফাজিল মাদ্রাসা) (৮) জগন্নাথপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (৯) অরুনোদয় বালিকা উচ্চ বিদ্যালয় (১০) আব্দুস সোবহান উচ্চ বিদ্যালয় (১১) সাজেদা খানম বালিকা উচ্চ বিদ্যালয় (১২) চিলাউড়া উচ্চ বিদ্যালয় (১৩) পল্লবী আদর্শ উচ্চ বিদ্যালয় (১৪) এরালিয়া বাজার উচ্চ বিদ্যালয় (১৫) রাণীগঞ্জ উচ্চ বিদ্যালয় (১৬) রৌয়াইল উচ্চ বিদ্যালয় (১৭) পঞ্চগ্রাম উচ্চ বিদ্যালয় (১৮) গুলবাহার বালিকা উচ্চ বিদ্যালয় (১৯) শাহার পাড়া শাহকামাল উচ্চ বিদ্যালয় (২০) নয়াবন্দর স্কুল এন্ড কলেজ (২১) যড়পল্লী স্কুল এন্ড কলেজ (২২) সৈয়দপুর পাইলট উচ্চ বিদ্যালয় (২৩) শাহজালাল উচ্চ বিদ্যালয় (২৪) আইডিয়াল গার্লস হাই স্কুল (২৫) মীরপুর পাবলিক হাই স্কুল (২৬) ইসহাকপুর পাবলিক উচ্চ বিদ্যালয় (২৭) শ্রীরামসী উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ (২৮) লামা টুকের বাজার উচ্চ বিদ্যালয় (২৯) আটপাড়া উচ্চ বিদ্যালয় (৩০) পাড়ারগাঁও আইডিয়াল উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ (৩১) সফাত উল্লাহ উচ্চ বিদ্যালয় (৩২) পাইলগাঁও বি এন উচ্চ বিদ্যালয় (৩৩) পাটলী ইউনিয়ন উচ্চ বিদ্যালয় (৩৪) রসুলগঞ্জ একেএম উচ্চ বিদ্যালয় (৩৫) কেশবপুর উচ্চ বিদ্যালয় এবং (৩৬) আব্দুল খালিক উচ্চ বিদ্যালয়ে আগামী ১৫.০২.২০২৪ খ্রি. তারিখ হতে অনুষ্ঠেয় এসএসসি, এস এস সি (ভোকেশনাল) ও দাখিল পরীক্ষা-২০২৪ চলাকালীন সকল দিবস ও সময়ে উল্লিখিত পরীক্ষা কেন্দ্রের ২০০ (দুইশত) গজ ব্যাসার্ধের মধ্যে উচ্চ শব্দ সৃষ্টিকারী কোন যন্ত্র, পরীক্ষা সাথে সংশ্লিষ্ট নয় এরূপ ব্যক্তি বা সংগঠন এবং শান্তি ভঙ্গের আশংকা সৃষ্টিকারী কোন উপাদানসহ কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের চলাচলের উপর নিয়ন্ত্রণ ও প্রবেশ নিষিদ্ধ করে ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারা জারী করলাম। এ আদেশ নিম্নোক্ত ব্যক্তিবর্গের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

১. বৈধ প্রবেশপত্রধারী সকল পরীক্ষার্থী।
২. পরীক্ষা কেন্দ্রে কর্তব্যরত পুলিশ বাহিনীসহ সকল কর্মকর্তা/কর্মচারী।
৩. পরীক্ষা কেন্দ্রে কর্তব্যরত সকল পরিদর্শক/পরীক্ষক/পর্যবেক্ষক ও অন্যান্য কর্মকর্তা/কর্মচারী।
৪. পরীক্ষার কাজে সেবাদানকারী ব্যক্তি/প্রতিষ্ঠান।

এ আদেশ আমার স্বাক্ষর ও অফিসের সীলমোহরযুক্ত অদ্য ১৪.০২.২০২৪ খ্রি. তারিখ জারী করা হলো।


১২.০২.২৪
(আল-বশিরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
নির্বাহী ম্যাজিস্ট্রেট
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

ইমেইল : unojagannathpur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.০৭.০১০.২১. ১৩৩

তারিখ: ১২.০২.২০২৪ খ্রি.।

সদয় অবগতির জন্যঃ

- ০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০২। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
- ০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সুনামগঞ্জ।


বগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

০৪। উপজেলা----- অফিসার (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ।

০৫। অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

০৬। প্রধান শিক্ষক/অধ্যক্ষ,.....উচ্চ বিদ্যালয়/ মাদ্রাসা ও কেন্দ্র সচিব,.....উচ্চ বিদ্যালয় / মাদ্রাসা, এসএসসি, এস এস সি (ভোকেশনাল) ও দাখিল পরীক্ষা কেন্দ্র, জগন্নাথপুর, সুনামগঞ্জ, তাঁকে পরীক্ষা কেন্দ্রের নির্ধারিত এলাকা খুঁটিযুক্ত লাল পতাকা দ্বারা চিহ্নিতকরণসহ উল্লিখিত আদেশটি মাইকযোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭। অফিস নথি / মাস্টার ফাইল।


22.02.28

উপজেলা নির্বাহী অফিসার

ও

নির্বাহী ম্যাজিস্ট্রেট

জগন্নাথপুর, সুনামগঞ্জ।

ইমেইল : unojagannathpur@mopa.gov.bd